# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/প্রশা-১/২০২৩/৭০৩

তারিখ ঃ ১১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর অধীন স্কুল ও কলেজ এর গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভাপতি ও সংশ্লিষ্ট সদস্য মহোদয়গণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, স্কুল/ কলেজের শিক্ষার যথাযথ পরিবেশ, নিয়মিত ক্লাস অনুষ্ঠান এবং নতুন কারিকুলাম বাস্তবায়নে শিক্ষক/ কর্মচারীদের শিক্ষা প্রতিষ্ঠানে ও শ্রেণিকক্ষে উপস্থিত থেকে পাঠদান কার্যক্রম অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে কঠোরভাবে নজরদারী করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

দেশের শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষার পরিবেশ সমুন্নত রাখার বৃহত্তর স্বার্থে বিষয়টি **অতীব জরুরী**। ব্যর্থতায় এর দায়ভার সংশ্লিষ্ট গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যগণের উপর বর্তাবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

২৬.৭.২০২৩

(প্রফেসর ড. রমা বিজয় সরকার)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।